গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়
সরকারি পরিবহন পুল ভবন
সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
প্রত্যয়ন শাখা
(www.molwa.gov.bd)

স্মারক নম্বর- ৪৮.০০.০০০০.০০২.১০.২৪২৬.২০১৭/ ৭৭৩

তারিখঃ ০৭ আষাঢ়, ১৪২৪
২১ জুন, ২০১৭

**বিষয়: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের Website-এ প্রকাশিত প্রমাণক (লালমুক্তিবার্তা/ভারতীয় তালিকা/গেজেট) এর আলোকে যাচাই পূর্বক প্রত্যয়ন।**

সূত্র: এ মন্ত্রণালয়ের স্মারক নং-৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২; তারিখ-১৯.০৬.২০১৭।

উল্লিখিত বিষয়ে তাঁর সদয় অবগতির জন্য নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনক্রমে "মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের Website-এ প্রকাশিত প্রমাণক (লালমুক্তিবার্তা/ভারতীয় তালিকা/গেজেট) এর আলোকে যাচাই পূর্বক প্রত্যয়ন" সংক্রান্ত পরিপত্রটি ইতোমধ্যেই মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯.০৬.২০১৭ তারিখের ৪৮.০০.০০০০.০০২.১০.২৬২৪.২০১৭-৭৭২ নং স্মারকে সংশ্লিষ্ট মন্ত্রণালয়, দপ্তর, অধিদপ্তর,সংস্থা বরাবর জারী করা হয়েছে (কপি সংযুক্ত)। পরিপত্র মোতাবেক মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ,ভর্তি ও PRL সংক্রান্ত বিষয়ে মুক্তিযোদ্ধাদের তথ্যাবলী যাচাই পূর্বক প্রত্যয়নের কার্যক্রম এখন থেকে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্থলে স্ব -স্ব প্রশাসনিক মন্ত্রণালয় সম্পাদন করবে। সকল প্রশাসনিক মন্ত্রণালয়, অধীনস্থ দপ্তর,অধিদপ্তর,সংস্থা ও বিশ্ববিদ্যালয় যাতে পরিপত্র মোতাবেক পদক্ষেপ গ্রহণ করে সে বিষয়টি নিশ্চিত করণের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয় হতে একটি পরিপত্র জারী করা আবশ্যক।

এমতাবস্থায়, মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ, ভর্তি ও PRL সংক্রান্ত মুক্তিযোদ্ধার তথ্যাবলী যাচাই পূর্বক প্রত্যয়নের বিষয়টি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে ইস্যুকৃত পরিপত্র মোতাবেক মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের স্থলে স্ব-স্ব প্রশাসনিক মন্ত্রণালয় কর্তৃক সম্পন্ন করণের বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে জনপ্রশাসন মন্ত্রণালয় হতে একটি পরিপত্র জারী করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০৩ (তিন) পৃষ্ঠা

২১/০৬/১৭
(মোঃ রফিকুল হক)
সিনিয়র সহকারী সচিব
ই-মেইলঃsasattestration@molwa.gov.bd

সিনিয়র সচিব
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

অনুলিপি সদয় অবগতির জন্য:
১. মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব (যুগ্ম সচিব),মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়,ঢাকা-মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব,মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়,ঢাকা-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য।
৩. অফিস কপি।

Shirin/Undone Letter/2017

ডাইরী নং
তারিখঃ 28 JUN 2017
অতিরিক্ত সচিব/উন্নয়ন
অতিঃসচিব (এপিডি/সিপিটি)
অতিঃসচিব (প্রশাসন/বাঃবাঃ)
অতিঃসচিব (শৃঙ্খলা/আইন)
অতিঃসচিব (সওব্য/বিধি)
অতিঃসচিব (সিআর/সঃগঃওঅা)
পি.এস
সিনিয়র সচিব

ডাইরী নম্বর ঃ ২০৬৪
তারিখ ঃ ০২/০৭/১৭

অতিরিক্ত সচিব (প্র.) এর দপ্তর
ডাইরী নং ২০৬৬
তারিখ ০২/০৭/১৭

জনপ্রশাসন মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
ডাইরী নং
তারিখঃ
প্রশাসনিক কর্মকর্তা-১
প্রশাসনিক কর্মকর্তা-২
প্রশাসনিক কর্মকর্তা-৩
প্রশাসনিক কর্মকর্তা-৪
প্রশাসনিক কর্মকর্তা-৫

